

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩২২৬  
আমবাসা, ৬ অক্টোবর, ২০২৩

প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ  
রইস্যাবাড়ি ব্লকে ২,১৫১ টি পরিবারকে পাকা আবাস

প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে গত দুই অর্থবছরে গভাতুইসা মহকুমার রইস্যাবাড়ি ব্লকে ২ হাজার ১৫১ পরিবারকে পাকা আবাস নির্মাণে মঞ্জুরী দেওয়া হয়েছে। এই প্রকল্পে সুবিধাভোগী পরিবারগুলির মধ্যে এখন পর্যন্ত ২ হাজার ৫০ টি পরিবারকে প্রথম কিস্তির ৪৮ হাজার টাকা, ১ হাজার ২৩৯টি পরিবারকে দ্বিতীয় কিস্তির ৫০ হাজার টাকা ও ৪৩৯টি পরিবারকে তৃতীয় কিস্তির ৩২ হাজার টাকা দেওয়া হয়েছে। ধলাই জেলাশাসক ও সমহর্তা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*